গাংনীর তেঁতুলবাড়িয়া সীমান্ত থেকে ১হজার ১০৩ বোতল ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলা তেঁতুলবাড়িয়া সীমান্ত এলাকা থেকে ১ হাজার ১০৩ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।
বুধবার সকাল ৭টার দিকে তেঁতুলবাড়িয়া সীমান্ত ক্যাম্পের হাবিলদার আবুল কাশেমের নেতৃত্বে বিজিবির একটি দল এ অভিযান পরিচালনা করেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি ভারত থেকে ফেন্সিডিলের একটি বড় চালান আসছে। সে অনুযায়ী আমরা টহল জোরদার করি।
সকাল ৭টার দিকে তেঁতুলবাড়িয়া রাস্তার উপরে একটি আলগামন দেখে সেখানে তল্লাশি চালিয়ে করে ১ হাজার ১০৩ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। তবে বিজিবি সদস্যদের উপস্থিতি টের পেয়ে বহনকারীরা ফেন্সিডিল ফেলে পালিয়ে যায়।
- গাংনী প্রতিনিধি

গাংনীতে অগ্নিকান্ডে ১০টি ছাগলের মৃত্যু, প্রাণে বাঁচলেন গৃহকত্রী

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের রাধাগোবিন্দপুর ধলা গ্রামে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ১০টি ছাগলের মৃত্যু হয়েছে।
মঙ্গলবার রাত ৯টার দিকে রাধাগোবিন্দপুর ধলা গ্রামের মৃত সানোয়ার হোসেনের ছেলে মনিরুল ইসলামের বাড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে।
গৃহকর্তা মনিরুল ইসলাম জানান,রাতে ঘরে ঘুমোনার জন্য প্রস্তুতি নিচ্ছিলাম। আমার শোবার ঘরের পাশেই মায়ের ঘর। মা ও ঘুমানোর

প্রস্তুতি নিচ্ছিলেন। রাত ৯টার দিকে মায়ের ঘরের বিদ্যুতের লাইন সর্ট সার্কিট থেকে আগুন জ্বলে ওঠে। মা হাসিনা খাতুন দৌড়ে ঘর থেকে বেরিয়ে প্রাণে বাঁচেন। এসময় পাশে ছাগল ঘরে আগুন ছড়িয়ে পড়লে সাথ সাথে ১০টি ছাগল পুড়ে ছাই হয়ে যায়।
খবর পেয়ে কাথুলী বিজিবি ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে মায়ের ঘরে এক আত্মীয়ের রাখা ২ লাখ ১৩ হাজার ৫ টাকা উদ্ধার করে বিজিবি সদস্যরা।
- গাংনী প্রতিনিধি

গাংনীতে শিশু যৌণ পীড়নের অভিযোগে সৎ বাবা গ্রেপ্তার

মেহেরপুরের গাংনীতে শিশুর যৌণ পীড়নের অভিযোগে সৎ পিতা আবু তাহের (৪০)কে গ্রেপ্তার করেছে পুলিশ।
গতকাল সোমবার রাতে গাংনী থানা পুলিশের একটি টীম আবু তাহেরকে গ্রেপ্তার করে।
আজ মঙ্গলবার সকালে তাকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে। আবু তাহের গাংনীর ধানখোলা গ্রামের মৃত সামসুল ইসলামের ছেলে।
গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, আবু তাহের তার দ্বিতীয় স্ত্রীর শিশু কন্যাকে একা পেয়ে যৌণ নিপীড়ন করে। শিশুটির চিৎকারে তার মা এগিয়ে আসলে বাড়ি থেকে পালিয়ে যায় তাহের। এ বিষয়ে শিশুটির মা বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। পরে পুলিশ গোপন সংবাদে আবু তাহেরের অবস্থান নিশ্চিত হয়ে তাকে গ্রেপ্তার করে।
- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ৫ বছরের শিশুকে ধর্ষণ করেছে সৎ বাবা

মেহেরপুরের গাংনীতে পাঁচ বছরের এক শিশুকে সৎ বাবার বিরুদ্ধে ধর্ষণ করার অভিযোগ উঠেছে।
গত রবিবার দুপুরে গাংনী উপজেলার ধানখোলা গ্রামের মাঠপাড়ায় এ ঘটনা ঘটে। যৌন নির্যাতনকারী আবু তাহের ধানখোলা মাঠপাড়ার ইসলাম আলীর ছেলে।
যৌন নির্যাতনের শিকার ওই শিশুর মা জানান, মেয়ের বাবার মৃত্যুর তাহেরের সাথে তার দ্বিতীয় বিয়ে হয়। বিয়ের পর থেকে আমার মেয়ে ও আমাকে মারধর করতো। ঘটনার দিন দুপুরে আমি পাশের একটি বাগানে খড়ি কুড়াতে যায়। খড়ি নিয়ে বাড়িতে দেখি আমার মেয়ের উপর যৌন নির্যাতন করছে লম্পট আবু তাহের। ঘটনাটি দেখে ফেলায় পর ধামাচাপা দিতে অব্যাহত হত্যার হুমকি দেয়। মেয়ের শারীরিক অবস্থার অবনতি হলে সোমবার দুপুর সাড়ে বারোটার দিকে গাংনী হাসপাতালের জরুরী বিভাগে নেয়া হয়। মেয়ের শারীরিক অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।
শিশুটির মা আরো জানায়, তার স্বামী আবু তাহের গত কয়েক বছর আগে তার নিজের সন্তানকে ধর্ষণ করে। এ ঘটনার অপমান সইতে না পেরে মেয়েটি আত্মহত্যা করে। স্থানীয়রা জানান, আবু আবু তাহের এর হাত থেকে শিশু থেকে পশু এমনকি নিজের মেয়েও রক্ষা পায়নি সকলেই তার লালসার শিকার হয়েঠে। অবিলম্বে লম্পট এর দৃষ্টান্ত মূলক শাস্তি দাবি করেন তারা।
প্রাথমিকভাবে ধর্ষণের আলামত মিলেছে বলে নিশ্চিত করেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার শায়লা আহমেদ জানান, উন্নত চিকিৎসার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান,ঘটনায় কেউ অভিযোগ দায়ের করেনি অভিযোগ দিলে অবশ্যই লম্পট তাহেরের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে সমঝোতায় একই স্থানে পৃথক সমাবেশ

মেহেরপুরের গাংনী উপজেলায় বিজয় দিবসকে কেন্দ্র করে রবিবার সকালে বাসস্ট্যান্ড বাজারে শহীদ রেজাউল চত্বরে দু’পক্ষের মধ্যে চরম উত্তেজনা সৃষ্টি হয়। পরে গাংনী থানা পুলিশের একটি টীম এসে পরিস্থিতি শান্ত করলেও দু’পক্ষের মধ্যে চাপা উত্তেজনা বিরাজ থাকে।

শান্তি শৃংখলার মধ্যে দিয়ে বিজয় দিবসটি যাতে পালন করা যায় সে লক্ষ্যে দুপুরে জেলা প্রশাসক মোঃ আতাউল গণি ও পুলিশ সুপার এস এম মুরাদ আলী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের কার্যালয়ে আসেন।

তারা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও এমপি সাহিদুজ্জামান খোকন এবং জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক নিয়ে এ বিষয়ে আলোচনা করেন।

আরো পড়ুন:গাংনীতে বিজয় দিবস পালনকে কেন্দ্র করে আওয়ামী লীগের দু’পক্ষের উত্তেজনা
আলোচনায় দু’পক্ষের সম্মতিতে একই স্থানে পৃথক সময়ে বিজয় দিবস উপলক্ষ্যে আলোচনা সভা করতে একমত পোষন করেন।

ফলে ১৬ ডিসেম্বর সোমবার সকাল ৮টা থেকে ৯টা ১৫ মিনিট পর্যন্ত উপজেলা আওয়ামী লীগের আলোচনা সভা করার পর পৌর আওয়ামী লীগের আলোচনা সভা অনুষ্ঠিত হবে।
এ সময় সাবেক এমপি মোঃ মকবুল হোসেন, গাংনী থানার ওসি ওবাইদুর রহমান, সাবেক মেয়র আহম্মেদ আলি সহ আওয়ামী লীগের নেতারা উপস্থিৎ ছিলেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে বিজয় দিবস পালনকে কেন্দ্র করে আওয়ামী লীগের দু’পক্ষের উত্তেজনা

বিজয় দিবস পালনকে কেন্দ্র করে মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগ ও পৌর আওয়ামী লীগের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়।

রবিবার সকাল ৮টার দিকে পৌর আওয়ামী লীগের নেতা কর্মীরা গাংনী বাজারে শহীদ রেজাউল চত্বরে পতাকা টাঙ্গানোর জন্য প্লাস্টিকের পাইপ পুততে গেলে উপজেলা আওয়ামী লীগের নেতা কর্মীরা এসে পাশেই তারাও পাইপ পুতার প্রস্তুতি নেয়। এ ঘটনায় দু’পক্ষের মধ্যে বাকবিতন্ডার সৃষ্টি হয় বাক বিতন্ডার এক পর্যায়ে সকাল ১১ টার দিকে দু’পক্ষের মধ্যে হাতাহাতি হয়।
পরিস্থিতি অশান্ত হওয়ার আগেই পুলিশ এসে পরিবেশ শান্ত করেন।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম বাবু সাংবাদিকদের জানান, প্রতিবছরই এখানে আওয়ামী লীগের ব্যানারে বিজয় দিবস ও অন্যান্য দিবস পালন করে থাকি। এবছর বিজয় দিবসের আগে উপজেলা আওয়ামী লীগের সভাপতি এমপি সাহিদুজ্জামান খোকন তার নিজ বাসভবনে ১০ থেকে ১৫জন লোকজন নিয়ে প্রস্তুতি সভা করে। সেখানে আমাদের জানানোর প্রয়োজন মনে করেনি।

আনারুল ইসলাম বাবু আরও বলেন আমরা মুজিব সৈনিক জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে রাজনীতি করে আসছি। আমরা বিজয় দিবস পালন করবনা এটা হয়না। তাই জেলা আওয়ামী লীগের নেতাদের সাথে কথা বলে আমরা পৌর আওয়ামী লীগের আয়োজনে বিজয় দিবস পালনের প্রস্তুতি নিয়েছি। তারই ধারাবহিকতায় আমরা মঞ্চ পতাকা উত্তোলনের প্রস্তুতি নিচ্ছি। এরই মধ্যে এমপি খোকনের লোকজন এসে আমাদের অনুষ্ঠান বানচাল করার উদ্দেশ্য উত্তেজনাকর পরিস্থিতি তৈরী করে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা জানান, এর আগে বিভিন্ন অনুষ্ঠানের প্রস্তুতি সভায় তাদের ডাকলেও তারা আসেনি। এ কারণে এ বার তাদের ডাকা হয় নি। তবে উদ্ধুব্ধ পরিস্থিতি

সাংসদ সাহিদুজ্জামান খোকন ও জেলা আওয়ামীলীড়ের সাধারণ সম্পাদক এম এ খালেকের সাথে কথা বলে এর সমাধান করা হবে।

জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, উপজেলা আওয়ামীলীগ ঘরের মধ্যে প্রস্তুতি সভা করেছে কিন্তু কাউকে ডাকেনি। যেটা রাজনৈতিক শিষ্টাচার বহির্ভুত। বিজয় দিবসের মত একটি অনুষ্ঠান অবশ্যাই পালন হবে সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

গাংনীতে এম এ খালেক এর উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

মেহেরপুরের গাংনী উপজেলায় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেকের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে।

গতকাল শনিবার দুপুরে দিবসটি উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।
উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে আয়োজিত অনুষ্ঠানে মেহেরপুর-২ গাংনী আসনের সাবেক সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুক্তিযোদ্ধা মো: মকবুল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হাজী শফি কামাল পলাশের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সাবেক পৌর মেয়র আহম্মেদ আলী, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রেজাউল হক, জেলা আওয়ামী লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম শাহ, ইয়াছিন রেজা, উপজেলা যুবলীগের সভাপতি মো: মোশাররফ হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবুল, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু সহ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আওয়ামী লীগের মোমবাতি প্রজ্জ্বলন অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগের আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে মোমবাতি প্রজ্জ্বলন ও র্যালী অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে গাংনী বাজার শহীদ রেজাউল চত্বরে দিবসটি উপলক্ষ্যে শুরুতেই শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন শেষে মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকনের নেতৃতত্বে মোমবাতি প্রোজ্জ্বলন করেন নেতা কর্মীরা।

এর আগে একটি র্যালী গাংনী বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।
অনুষ্ঠানে এমপি সাহিদুজ্জামান খোকন ছাড়াও পৌর মেয়র আশরাফুল ইসলাম, জেলা পরিষদের সদস্য ও

উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম, কাউন্সিলর নবিরুদ্দিন, বিআরডিবি সভাপতি ও সাবেক কাউন্সিলর আলি আজগর সহ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে ২ কেজি গাঁজা সহ দুজন মহিলা মাদক পাচারকারী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ২ কেজি গাঁজা সহ দুজন মহিলা মাদক পাচারকারীকে গ্রেফতার করেছে পুলিশ।
গতকাল শনিবার বিকাল ৪টার দিকে গাংনী উপজেলার কাজিপুর গ্রামের গোলাম বাজার এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, কুষ্টিয়া জেলার দৌলৎপুর উপজেলার পুড়াপাড়া এলাকার সাহাবুলের স্ত্রী জাহেরা খাতুন (৪৫) ও ভেড়ামারা উপজেলার নওদাপাড়া গ্রামের আব্দুল্লাহ পরামানিকের স্ত্রী মনোয়ারা বেগম (৫০)।

পীরতলা পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই অজয় কুমার কুন্ডু জানান, কাজিপুর গোলাম বাজার এলাকা দিয়ে দুজন মহিলা গাঁজা পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

এসময় তাদের দুজানের কাছ থেকে এক কেজি করে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়।
গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, গ্রেফতারকৃত দুজন মাদক পাচারকারী। তাদের গাংনী থানায় আনার পর জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। দ্রত সময়েরে মধ্যে মাদকের সাথে জড়িতদের সনাক্ত করে গ্রেফতার করা হবে।

মাদ্রক দ্রব্য মামলায় গ্রেফতারকৃত দুজনকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

- গাংনী প্রতিনিধি

বুদ্ধিজীবী দিবসে আলোক সজ্জা

করায় ফেসবুকে সমালোচনার ঝড়!

শহীদ বুদ্ধিজীবী দিবসে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে আলোক সজ্জা করায় ফেসবুকে সমালোচনার ঝড় উঠছে। মিনজানুর রহমান জনি নামের এক সাবেক ছাত্রলীগ নেতা ফেসবুকে একটি সমালোচনা মূলক পোষ্ট দিয়েছেন।

পোষ্টে তিনি লেখেন, আজ আমি গর্বে গর্বে গর্বিত হয়ে গেছি। কি সুন্দর ব্যাপার শহীদ বুদ্ধিজীবী দিবসে মেহেরপুরে লাল নীল হলুদ লাইট জলে—!!

আজকে এমন একটা দিন, যেদিন বাংলাদেশের জাতির শ্রেষ্ঠ স‚র্যসন্তানদের হত্যা করা হয়েছিল–!!
আর আজকের এই দিনে মেহেরপুর জেলার প্রতিটি সরকারি প্রতিষ্ঠান লাল নীল হলুদ লাইট জ্বলছে–?? এই লজ্জার দায়ভার কে নেবে ??

এই স্টাটাসে মন্তব্য করে শোভন সরকার বলেন, এই না হলো ছাত্রনেতা দেশমাতৃকার বিবেক। যথার্থই বলেছেন আমি সহমত পোষণ করছি মিজানুর রহমান জনি ভাই সাবেক সাধারণ সম্পাদক মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগ।

মো: আবু জিহাদ নামে আরও একজন বলেন, অপশক্তি আজ আমাদের দলের ভিতরে ঢুকে আছে। সাইন বোর্ডটা শুধু লাগিয়েছে দলের। বাংলাদেশ আওয়ামী লীগ শুধুমাত্র জননেত্রী শেখ হাসিনার কাছেই নিরাপদ।

এছাড়াও বিভিন্ন জন বিভিন্ন রকম কমেন্ট করেছে।

- নিজস্ব প্রতিনিধি